


ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র

# রোজদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে






ROSEDIN ● Vol. - 2 ● Issue - 080 ● Prgi No. : WBBEN/25/A1189 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : www.rosedin.in

ই-পেপার ● বর্ষ ঃ ৬ ● সংখ্যা ঃ ০৮০ ● কলকাতা ● ০৯ চৈত্র, ১৪৩২ ● মঙ্গলবার ● ২৪ মার্চ ২০২৬ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা


পর্ব 239

## হিমালয়ের সমর্পণ যোগ



পারবে। গান বা বাজনা তো কেবল এক আত্মা থেকে অন্য আত্মা পর্যন্ত পৌঁছানোর মাধ্যম। কিন্তু এক গায়কের গানে শ্রোতাদের প্রভাবিত করার গুণ তখন হবে, যখন সে কেবল গান শেখে না, নিজের গুরুর আত্মা থেকে নিজের আত্মাতে আত্মস্থ করে।

এইজন্য শাস্ত্রীয় সঙ্গীতে, শাস্ত্রীয় গায়নে গুরু আর শিষ্য পরম্পরা আছে। শারীরিক স্তরে কেবল শিক্ষক হয়। ক্রমশঃ

# 'করোনা মোকাবিলায় একজোট হয়েছিলাম, আবার তৈরি থাকতে হবে'



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

পশ্চিম এশিয়ায় চলতে থাকা সংঘাতের আবহে লোকসভায় বক্তব্য রাখতে গিয়ে দেশবাসীকে 'প্রস্তুত' থাকার বার্তা দিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। অতীতের করোনা মহামারির (Covid-19) সময়ের অভিজ্ঞতা টেনে তিনি বলেন, কঠিন পরিস্থিতির মোকাবিলা করতে হলে ঐক্যই সবচেয়ে বড় শক্তি। সেই অভিজ্ঞতা থেকেই বর্তমান সঙ্কটের জন্যও দেশকে তৈরি থাকতে হবে বলে তাঁর মত।

প্রধানমন্ত্রী স্পষ্ট করে জানান, এই যুদ্ধের প্রভাব দীর্ঘমেয়াদে বিশ্বজুড়ে পড়তে পারে। ফলে তাৎক্ষণিক প্রতিক্রিয়ার পাশাপাশি ভবিষ্যতের কথাও মাথায় রাখতে হবে। তাঁর কথায়, বিশ্বজুড়ে যে অস্থিরতা তৈরি হয়েছে, তা সহজে কাটবে না। তাই আগাম প্রস্তুতি এবং একসঙ্গে থাকার বার্তাই তিনি তুলে ধরেন সংসদে। আন্তর্জাতিক বাণিজ্যপথে অশান্তির বিষয়টিও গুরুত্ব দিয়ে উল্লেখ করেন তিনি।

এরপর ৬ পাতায়




# রাজ্যকে কড়া ভর্ৎসনা প্রধান বিচারপতির



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

রাজ্যের যুক্তি ধোপে টিকল না। ধমক খেয়ে ফিরতে হল সুপ্রিম কোর্ট থেকে। চিংড়িঘাটা মেট্রো লাইন নিয়ে দীর্ঘদিন ধরে টালবাহানা চলছে। মাত্র ৩৬৬ মিটার লাইনের কাজ বাকি থাকায় সম্পূর্ণ হচ্ছে না কলকাতা মেট্রোর অরেঞ্জ লাইন। রাজ্যের সঙ্গে মেট্রো কর্তৃপক্ষের বারবার সংঘাত তৈরি হয়েছে এই নিয়ে।আপনাদের কাছে উৎসব আগে না যোগাযোগ ব্যবস্থার উন্নতি করা আগে? আপনারা ডিসেম্বরের তৃতীয় সপ্তাহে প্রথমে বৈঠক করে, তারপর এসে হাইকোর্টকে বলেছেন যে উৎসবের প্রস্তুতিতে ব্যস্ত, তাই মেট্রো সম্প্রসারণের কাজটা করতে পারবেন না?" অবিলম্বে রাজ্যকে নিজেদের আবেদন প্রত্যাহার করার নির্দেশ দেয় শীর্ষ আদালত। গত ৬ জানুয়ারির মধ্যে একটি তারিখ ঠিক করে চিংড়িঘাটা মেট্রোর কাজ শেষ করার নির্দেশ দিয়েছিল কলকাতা হাইকোর্ট। এই মর্মে কলকাতা পুলিশ এবং রাজ্যকে নির্দেশ দেওয়া হয়েছিল। হাইকোর্টের নির্দেশ মতো কাজ না করে, রাজ্যের তরফে হাইকোর্টের রায়ের বিরোধিতা করে সুপ্রিম কোর্টে জনস্বার্থ মামলা দায়ের করা হয়। সুপ্রিম কোর্টের এই পর্যবেক্ষণের পর তৃণমূল মুখপাত্র জয়প্রকাশ মজুমদার বলেন, "মানুষের সুবিধা-অসুবিধা দেখাটা রাজ্যের কর্তব্য। সবদিক দেখে তবেই ঠিক করতে হবে।"কাজ করার ক্ষেত্রে বারবার বিভিন্ন যুক্তি দেখিয়েছে রাজ্য। হাইকোর্টের নির্দেশ মানার বদলে সুপ্রিম কোর্টে চ্যালেঞ্জ করে মামলা করেছে রাজ্য সরকার। রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণবও এই ইস্যুতে মুখ খুলেছিলেন। আজ, সোমবার হাইকোর্টের রায় বহাল রাখল সুপ্রিম কোর্ট। স্পষ্ট জানিয়ে দেওয়া হল, হাইকোর্ট যে সময়সীমা বেঁধে দেবে, তার মধ্যে কাজ শেষ করতে হবে রাজ্যকে। গড়িয়া-সল্টলেক মেট্রোর কমলা লাইন সম্প্রসারণে চিংড়িঘাটার ওই অংশের কাজ অত্যন্ত গুরুত্বপূর্ণ।

আগামী মে মাস পর্যন্ত সময় দেওয়ার আবেদন করেছিল রাজ্য সরকার। এদিন তা খারিজ করে দিয়েছে প্রধান বিচারপতি সূর্য কান্তের বেঞ্চ। এদিন প্রধান বিচারপতির বেঞ্চ বলে, "আমরা প্রথমবার দেখছি, কোনও রাজ্য উন্নয়নের বিরোধিতা করছে। এই মামলা এত দূর গড়িয়েছে যে, এখন নির্বাচন বিধির আওতায় পড়ে গিয়েছে।

## রাষ্ট্রপতি শাসন জারি হয়েছে? অফিসার বদলির ধরন নিয়ে প্রশ্ন উঠল হাই কোর্টে



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

রাত থেকেই আমলা এবং পুলিশকর্তাদের অপসারণ শুরু হয়। মুখ্যসচিব এবং স্বরাষ্ট্রসচিবের বদল দিয়ে যে তালিকা শুরু হয়েছিল, তা পরবর্তী কয়েক দিনে ক্রমশ দীর্ঘ হয়েছে। এই বদলির ধরন নিয়ে মামলা হয়েছে হাই কোর্টে। কমিশনের আইনজীবী বোঝাতে চান, পশ্চিমবঙ্গের মতো ভোটমুখী অন্য রাজ্যগুলিতেও আধিকারিকদের বদলি করা হচ্ছে। তিনি বলেন, 'যে সব রাজ্যে নির্বাচন হচ্ছে সেখানে অফিসারদের বদলির তালিকা আমরা দিচ্ছি। পাঁচ রাজ্যের ভোটের জন্য বিভিন্ন রাজ্য থেকে অফিসার নিয়ে আসা হয়েছে সেই তালিকাও আমরা দিচ্ছি।' এই জনস্বার্থ মামলার গ্রহণযোগ্যতা নিয়েও প্রশ্ন তোলেন কমিশনের আইনজীবী। কমিশনের বক্তব্য, মামলাকারী একজন আইনজীবী। তিনি রাজ্য সরকারের হয়ে সওয়াল করেন। সরকারের আইনজীবীদের প্যানেলেও রয়েছেন তিনি। সে ক্ষেত্রে একজন সরকারি কৌঁসুলি জনস্বার্থ মামলা করতে পারেন না বলেই আদালতে জানান কমিশনের আইনজীবী। আগামী বুধবার ফের এই মামলাটি শুনবে আদালত।পশ্চিমবঙ্গের আধিকারিকদের অপসারণের প্রক্রিয়া নিয়ে এ বার প্রশ্ন উঠল হাই কোর্টে। বদলির ধরন দেখে তৃণমূল সাংসদ তথা আইনজীবী কল্যাণ বন্দ্যোপাধ্যায় প্রশ্ন তোলেন, রাজ্যে রাষ্ট্রপতি শাসন জারি করা হয়েছে কি না। তাঁর বক্তব্য, রাষ্ট্রপতি শাসন জারি হলে এ ভাবে বদলি করা যায়। অন্য দিকে কী কারণে বদলি করা হচ্ছে, তা নিয়ে কমিশনও নিজেদের বক্তব্য জানিয়েছে হাই কোর্টে।

রাজ্যে ভোট ঘোষণার পর থেকে

এরপর ৩ পাতায়

## সুন্দরবনে মানবিক উদ্যোগ: মশার কামড় থেকে রক্ষা পেতে ২০০ ছাত্রছাত্রীকে মশারি দান

**নিজস্ব সংবাদদাতা:**

সুন্দরবনের প্রত্যন্ত অঞ্চলে মশাবাহিত রোগের আতঙ্কের মাঝেই মানবিক উদ্যোগের উজ্জ্বল দৃষ্টান্ত স্থাপন করল সোনারপুরের জ্যোতির্ময় পাবলিক স্কুল। গত ২৩ মার্চ, শহীদ Bhagat Singh-এর ফাঁসির দিনকে স্মরণ করে কাঁটামারী বালক সংঘ পরিচালিত শহীদ ভগৎ সিং শিক্ষানিকেতন-এর ১৯তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষে ২০০ জন দুঃস্থ ছাত্রছাত্রীর হাতে মশারি তুলে দেওয়া হয়।




উল্লেখ্য, ২০০৭ সালে সুন্দরবনের কাঁটামারী এলাকায় বাঘে খাওয়া পরিবার, মৎস্যজীবী ও পরিযায়ী শ্রমিকদের স্কুলছুট শিশুদের শিক্ষার আলোয় ফেরাতে এই প্রাথমিক বিদ্যালয়টি প্রতিষ্ঠা করেন কাঁটামারী বালক সংঘের সম্পাদক সমতুল নস্কর। সেই ধারাবাহিকতায় এ বছরও যথাযোগ্য মর্যাদায় পালিত হল প্রতিষ্ঠা দিবস।

অনুষ্ঠানের সূচনায় শহীদ ভগৎ

এরপর ৩ পাতায়

(২ পাতার পর)

# সুন্দরবনে মানবিক উদ্যোগ: মশার কামড় থেকে রক্ষা পেতে ২০০ ছাত্রছাত্রীকে মশারি দান

সিংয়ের প্রতিকৃতিতে মাল্যদান করেন জ্যোতির্ময় পাবলিক স্কুলের অন্যতম সদস্য অস্মিতা মৃধা ও জয়ন্ত বাবু, সঙ্গে উপস্থিত ছিলেন সমতুল নস্কর ও বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকাবৃন্দ। পরে ১৯টি মোমবাতি প্রজ্বলন ও পতাকা উত্তোলনের মাধ্যমে দিনটির তাৎপর্য তুলে ধরা হয়।

এদিন শুধু ছাত্রছাত্রীদের মধ্যেই সীমাবদ্ধ থাকেনি উদ্যোগ—প্রায় ৩০০ জন অভিভাবকের জন্যও আয়োজন করা হয় মধ্যাহ্নভোজের। ডিম-ভাতের পাশাপাশি পরিবেশন করা হয় মিষ্টি ও কেক। জ্যোতির্ময় পাবলিক স্কুলের সভাপতি পার্থ সারথি গাঙ্গুলী এই সমগ্র কর্মসূচির আর্থিক সহায়তা প্রদান করেন।

স্থানীয় বাসিন্দাদের মতে, সুন্দরবনের এই অঞ্চলে মশার উপদ্রব অত্যন্ত বেশি। ফলে মশারি বিতরণের এই উদ্যোগ শিশুদের স্বাস্থ্য সুরক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে। এলাকার মানুষ এই মানবিক পদক্ষেপে সন্তোষ ও কৃতজ্ঞতা প্রকাশ করেছেন।

(২ পাতার পর)

# রাষ্ট্রপতি শাসন জারি হয়েছে? অফিসার বদলির ধরন নিয়ে প্রশ্ন উঠল হাই কোর্টে

একের পর এক আমলা এবং পুলিশকর্তাকে বদলি করেছে কমিশন। তা নিয়ে হাই কোর্টে জনস্বার্থ মামলা দায়ের করেছেন আইনজীবী অর্ককুমার নাগ। সোমবার হাই কোর্টের প্রধান বিচারপতি সুজয় পাল এবং বিচারপতি পার্থসারথি সেনের বেঞ্চে মামলাটি শুনানির জন্য ওঠে। মামলাকারীর হয়ে আদালতে সওয়াল করেন আইনজীবী কল্যাণ। আধিকারিক অপসারণ নিয়ে কমিশনের উদ্দেশ্য নিয়ে প্রশ্ন তোলেন তিনি। একই সঙ্গে প্রশ্ন তোলেন কমিশনের এক্তিয়ার নিয়েও।

গত ১৫ মার্চ রাজ্যে ভোট ঘোষণা হয়েছে। ওই রাতেই রাজ্যের মুখ্যসচিবের পদ থেকে নন্দিনী চক্রবর্তীকে সরিয়ে দেয় কমিশন। একই সঙ্গে স্বরাষ্ট্রসচিবের পদ থেকে সরানো হয় জগদীশপ্রসাদ মীনাকেও। সেই প্রসঙ্গে কল্যাণ আদালতে বলেন, 'রাতারাতি আধিকারিকদের অপসারণ করা হয়েছে। মুখ্যসচিবকে সরিয়ে দেওয়া হয়েছে। তাঁকে কোনও দায়িত্ব দেওয়া হয়নি। শুধুমাত্র সরিয়ে দিয়েছে। পশ্চিমবঙ্গের সমস্ত সমস্যা মুখ্যসচিব দেখছেন। তাঁকে সরিয়ে দিল। স্বরাষ্ট্রসচিব নির্বাচনের সঙ্গে যুক্ত নন। তাঁকে শুধু সরিয়েই দেয়নি, অন্য রাজ্যে পাঠিয়ে দিয়েছে।'

নন্দিনী, জগদীশপ্রসাদকে দিয়ে যে তালিকা শুরু হয়েছিল, তা পরবর্তী কয়েক দিনে ক্রমশ দীর্ঘ হয়েছে। দায়িত্ব থেকে সরানো হয়েছে একের পর এক আধিকারিক এবং পুলিশকর্তাকে। কী উদ্দেশ্যে এই বদলিগুলি করা হয়েছে, তা নিয়ে প্রশ্ন তোলেন কল্যাণ। তাঁর সওয়াল, 'পঞ্চায়েত দফতরের সচিবকে সরিয়ে দেওয়া হয়েছে। নির্বাচনের সঙ্গে তাঁর কী সম্পর্ক? জাভেদ শামিমের মতো দক্ষ অফিসারকে সরিয়ে দেওয়া হয়েছে। কলকাতার পুলিশ কমিশনার সুপ্রতিম সরকারকে সরিয়ে দিয়েছেন। তিনি এক মাস হল দায়িত্ব নিয়েছেন। তাঁকে সরানোর পিছনে কারণ কী?' প্রধান বিচারপতির এজলাসে কল্যাণের প্রশ্ন, কমিশন কি ইচ্ছাকৃত ভাবে এমন ক্ষমতা প্রয়োগ করতে পারে? তাঁর যুক্তি, এসআইআর-এর সময় থেকে আধিকারিকদের নিজেদের নিয়ন্ত্রণে নিয়ে নিয়েছে কমিশন। এসআইআর-এর সময় ওই আধিকারিকদের কাজ নিয়ে অসন্তোষ প্রকাশ করেনি কমিশন। সে ক্ষেত্রে এখন ভোট ঘোষণা হওয়ার পরে কেন আধিকারিকদের হঠাৎ অপসারণ করা হচ্ছে, তা নিয়েও প্রশ্ন কল্যাণের। তাঁর বক্তব্য, শুধু পশ্চিমবঙ্গ ছাড়া অন্য কোনও রাজ্যে এমন হয়নি। কল্যাণ আরও সওয়াল করেন, রাজ্যে সংবিধানের ৩৫৬ অনুচ্ছেদ (রাষ্ট্রপতি শাসন) জারি হলে এই ভাবে বদলি করা যায়। তা হলে কি রাজ্যে ৩৫৬ অনুচ্ছেদ জারি হয়েছে? প্রশ্ন তোলেন কল্যাণ।

কত জন আধিকারিককে দায়িত্ব থেকে সরানো হয়েছে, সেই পরিসংখ্যানও আদালতে তুলে ধরেন মামলাকারীর আইনজীবী। তিনি বলেন, '৬৩ জন পুলিশ অফিসার, ১৬ জন আইএএস অফিসার এবং ১৩ জন পুলিশ সুপারকে সরিয়ে দিয়েছে। বেশির ভাগ অফিসারকে কোনও দায়িত্ব দেয়নি। এই সব অফিসারকে সরিয়ে দেওয়া হচ্ছে। যদি কোনও বিপর্যয় হয়, কে সামলাবে?'

মামলায় রাজ্যের হয়ে উপস্থিত ছিলেন রাজ্যের অ্যাডভোকেট জেনারেল কিশোর দত্ত। তিনিও কমিশনের বদলির ধরনের বিরোধিতা করেন। অ্যাডভোকেট জেনারেলের সওয়াল, কমিশনকে কি এমন সর্বোচ্চ ক্ষমতা দেওয়া হয়েছে যে, নির্বাচনের কাজে যুক্ত নন, এমন আধিকারিকদেরও অপসারণ করতে পারবে?

তবে কমিশনও এ ক্ষেত্রে আধিকারিকদের বদলির প্রসঙ্গে নিজেদের বক্তব্য জানিয়েছে প্রধান বিচারপতির এজলাসে। কমিশনের আইনজীবী বলেন, 'নির্বাচন কমিশনের ব্যাপক ক্ষমতা রয়েছে, এটা বলছি না। কোনও সাংবিধানিক সংস্থার প্রচুর ক্ষমতা থাকে, এমন নয়। তবে কোনও কিছু পরিচালনার জন্য সাংবিধানিক প্রতিষ্ঠানের ক্ষমতা রয়েছে।' তিনি আরও বলেন, 'অবাধ এবং সুষ্ঠু ভোট পরিচালনার জন্য এমন পদক্ষেপ করা হয়েছে। এই সব সিদ্ধান্তের নেপথ্যে অনেক কারণ রয়েছে। পাঁচটি রাজ্যে ভোট হচ্ছে, সব জায়গায় পরিস্থিতি এক নয়। অন্যত্রও অফিসার বদলি করা হয়েছে। পরিস্থিতি অনুযায়ী পদক্ষেপ করা হয়।'

# ভাঙড়ে নওশাদ, ক্যানিং পূর্বে আরাবুল, নন্দীগ্রামেও প্রার্থী দিল আইএসএফ



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

দীর্ঘদিন অপেক্ষার পর অবশেষে প্রথম দফার প্রার্থী তালিকা প্রকাশ করেছে নওশাদ সিদ্দিকির ইন্ডিয়ান সেকুলার ফ্রন্ট বা আইএসএফ। সোমবার ফুরফুরা শরিফ থেকে ২৩ টি আসনে প্রার্থী ঘোষণা করা হয়েছে। প্রত্যাশামতো ভাঙড় থেকে লড়বেন বিদায়ী বিধায়ক নওশাদ সিদ্দিকি। তৃণমূল ছেড়ে দলে যোগ দিয়েই পছন্দমতো ক্যানিং পূর্ব আসনে লড়াইয়ের সুযোগ পেয়েছেন 'তাজা নেতা' আরাবুল ইসলাম।এদিকে, সোমবার আইএসএফের ঘোষিত ২৩ জন প্রার্থীর মধ্যে সাতটি হিন্দু মুখ। হিসেবমতো ৩০ শতাংশের বেশি। অশোকনগরের তাপস বন্দ্যোপাধ্যায়, আমডাঙায় বিশ্বজিৎ মাইতি, মধ্যমগ্রামের প্রিয়াঙ্কা বর্মন ছাড়াও শালবনিতে শিক্ষক পীযূষ হাঁসদা, বারাবনিতে বিশ্বজিৎ বাউড়ি ও বোলপুরে অধ্যাপক বাপি সরেন লড়বেন আইএসএফের হয়ে।দেখা গিয়েছে, তাতে ৩০ শতাংশেরও বেশি প্রার্থী হিন্দু। আরও উল্লেখযোগ্য বিষয়, বামেদের সঙ্গে যে চারটি আসন নিয়ে দড়ি-টানাটানি চলছিল, তার মধ্যে তিনটিতেই আলাদা করে প্রার্থীর নাম ঘোষণা করে দিল আইএসএফ। ফলে বন্ধুত্বপূর্ণ সমঝোতার বদলে এই তিন আসনে প্রতিদ্বন্দ্বিতাই হবে সিপিএম-আইএসএফের মধ্যে।

চারটি আসন – নন্দীগ্রাম, পাঁশকুড়া পশ্চিম, ভগবানগোলা এবং মুরারইতে লড়তে চেয়েছে আইএসএফ। যদিও বামেরা এই

এরপর ৪ পাতায়

# সম্পাদকীয়

## সবুজ হয়ে গেল আকাশ, চমৎকার দেখাল এক অন্য ঝড়

আকাশে উজ্জ্বল সবুজ রং। সবুজ আলোর দাপটই বেশি। তবে অন্য রংও ছিল। কিন্তু আকাশ ভরে গিয়েছিল প্রধানত সবুজ আলোয়। যা দেখার পর দেশের মানুষ হতবাক। কারণ এ বিরলতম দৃশ্য তাঁরা দেখার সুযোগ পাবেন সেটা তাঁরাও ভাবতে পারেননি।

কিছুদিন আগেই রাতের এই সবুজ উজ্জ্বল আকাশ রাশিয়া জুড়ে আলোড়ন ফেলে দেয়। কেনিয়ায় থাকা রাশিয়ার দূতাবাস সমাজ মাধ্যমের পাতায় সেই ছবি ভাগ করে নেওয়ার পর খবরটি বিশ্বজুড়ে ছড়িয়ে পড়ে। বিজ্ঞানীরা অবশ্য এর ব্যাখ্যা দিয়েছেন।

বিজ্ঞানীরা জানাচ্ছেন পৃথিবীর বুকে হওয়া একটি চৌম্বকীয় ঝড় এই দৃশ্য দেখার সুযোগ করে দিয়েছে রাশিয়াবাসীকে। এই চৌম্বকীয় ঝড় রাশিয়ার আকাশে অরোরা বোরিয়ালিস দেখার সুযোগ করে দেয়। যার প্রধান রং ছিল সবুজ।

সবুজ আলোয় উজ্জ্বল হয়ে যায় রাশিয়ার রাতের আকাশ। ছড়িয়ে পড়ে পুরো আকাশ জুড়ে। উজ্জ্বল সে আলোর ছটায় রাশিয়ার মাটি, জল, গাছপালাও আলোয় ভরে যায়। এমন এক দৃশ্য রাশিয়ায় বড়ই বিরল।

নরওয়ে, ফিনল্যান্ড, আইসল্যান্ড, গ্রিনল্যান্ড, সুইডেন, আলাস্কার মত জায়গায় অরোরা বোরিয়ালিস প্রায়ই দেখা যায়। রাশিয়াতেও যে একদম দেখা যায়না এমনটা নয়।

তবে এমন সবুজের উজ্জ্বলতায় আকাশ ভরে যাওয়া রাশিয়ার কাছেও বিরল প্রাপ্তি। তাই তা চর্চাতেও উঠে আসে। সাধারণভাবে এই অরোরা বোরিয়ালিস সেপ্টেম্বর মাস থেকে এপ্রিল মাস পর্যন্ত সবচেয়ে বেশি দেখতে পাওয়া যায়।

# সুন্দরবনবাসির রক্ষাকর্তা বনের মা বনবিবি দেবী





মৃত্যুঞ্জয় সরদার

(পনেরো পর্ব)

গ্রাম ছেড়ে বেরোতেই হবে, সেঁধোতেই হবে দক্ষিণ রায়ের ডেরায়। বনবিবি রাখলে, মারে কোন বাঘে? এ সুন্দরবনের জীবন্ত ইতিহাস, সুন্দরবনের ঝড়খালির দুই নম্বরে ফকির সরদার নামে এক বৃদ্ধ থাকতেন, তিনি মন্ত্র দিয়ে বাঘের মুখ বন্ধ করে দিতে পারতেন। যতবার মৎস্যজীবীরা বাঘের কবলে পড়ে জীবন দিয়েছে। তার ডেট বড়ি আনার সময় ফকির সরদার নিজে বাঘের সামনে দিয়ে ডেড বডি এনে দিয়েছেন, এ ইতিহাস জীবন্ত সত্য। আজও এই ঘটনার সাক্ষী রয়েছে সুন্দর বন বাসিরা।

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

(৩ পাতার পর)

# ভাঙড়ে নওশাদ, ক্যানিং পূর্বে আরাবুল, নন্দীগ্রামেও প্রার্থী দিল আইএসএফ

আসনগুলিতে ইতিমধ্যেই প্রার্থীতালিকা ঘোষণা করে দিয়েছে। ফলে জটিলতা অব্যাহত ছিল। কিন্তু সোমবার যে ২৩ আসনে প্রার্থী ঘোষণা করেছেন নওশাদ সিদ্দিকিরা তার মধ্যে একমাত্র ভগবানগোলা বাদে বাকি তিনটি আসন – নন্দীগ্রাম, পাঁশকুড়া পশ্চিম এবং মুরারইতে আলাদা করে প্রার্থীর নাম দিল আইএসএফ।

ভোটের বেশ কয়েকদিন আগে থেকে বামেদের সঙ্গে জোটের আর্জিতে তৎপর হয়েছিলেন নওশাদ সিদ্দিকি। সেই আর্জিতে সাড়া দিয়েছিল বামেরা। শুক্রবার দলের একমাত্র বিধায়ক তথা প্রতিষ্ঠাতা সদস্য নওশাদ জানিয়েছিলেন, মোট ৭৩টি আসন সমঝোতার কথা হয়েছিল। তবে তাতে বামেদের তরফে সাড়া পাওয়া যায়নি। পরে বামেদের সঙ্গে ২৯টি আসন সমঝোতা হয়। এছাড়া চারটি আসন – নন্দীগ্রাম, পাঁশকুড়া পশ্চিম, ভগবানগোলা এবং মুরারইতে লড়তে চেয়েছে আইএসএফ। যদিও বামেরা এই আসনগুলিতে ইতিমধ্যেই প্রার্থীতালিকা ঘোষণা করে দিয়েছে। ফলে জটিলতা অব্যাহত ছিল। কিন্তু সোমবার যে ২৩ আসনে প্রার্থী ঘোষণা করেছেন নওশাদ সিদ্দিকিরা তার মধ্যে একমাত্র ভগবানগোলা বাদে বাকি তিনটি আসন – নন্দীগ্রাম, পাঁশকুড়া পশ্চিম এবং মুরারইতে আলাদা করে প্রার্থীর নাম দিল আইএসএফ। আর এতেই বামেরা ক্ষুব্ধ। ফলে জোটে জট আরও বাড়ল বলেই মনে করা হচ্ছে।

# বাংলা হচ্ছে মাতৃ শক্তি উপাসনার সেরা ভূমি



-: মৃত্যুঞ্জয় সরদার :-

এক্ষেত্রে আমরা হরপ্পা সভ্যতার কথা পুনরায় স্মরণ করতে পারি। ঊষা ও নিশা উভয়েই নিশ্চিতভাবে রাত্রির সেই মুহূর্তটির আগে ও পরে অবস্থান করেন যখন রাতের দিগন্ত স্পষ্ট রক্তবর্ণ ধারণ করে, নিশার পরে, ঊষার আগে লাল রং ধরে আকাশে।

ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# ভোটের আগে ফের তপ্ত ভাঙড়, তৃণমূল-আইএসএফ সংঘর্ষে আহত বহু

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

ভোটের আগে ফের উত্তপ্ত ভাঙড়। তৃণমূল-আইএসএফ সংঘর্ষকে কেন্দ্র করে উত্তেজনা ছড়াল। জানা গিয়েছে, দেওয়াল লেখাকে কেন্দ্র করে দুই পক্ষের মধ্যে তুমুল বচসা হয়। তৃণমূলের বিরুদ্ধে আক্রমণের অভিযোগ তুলেছেন আইএসএফ কর্মীরা। যদিও অভিযোগ অস্বীকার করেছে তৃণমূল। পাল্টা তাঁদের উপর আইএসএফ হামলা চালিয়েছে বলে অভিযোগ তোলা হয়েছে।একদিকে তৃণমূলের টিকিটে লড়ছেন দাপুটে নেতা শওকত মোল্লা। অন্যদিকে, আইএসএফ প্রার্থী হয়েছেন নওশাদ সিদ্দিকী। নওশাদ ওই কেন্দ্রের বিদায়ী বিধায়ক। সেক্ষেত্রে, এবার ভাঙড়ে হাড্ডাহাড্ডি লড়াই হতে চলেছে বলা যেতে পারে।দুই পক্ষের মধ্যে সংঘর্ষে একাধিক আহত হয়েছেন বলে খবর। কী ঘটেছে ভাঙড়ে? ঘটনাটি ঘটেছে ভাঙড় ১ নম্বর ব্লকের বড়ালি মাঝেরপাড়া এলাকায়। অভিযোগ, রবিবার রাতে দেওয়াল লিখনের পর খাওয়া-দাওয়ার ব্যবস্থা করেছিলেন আইএসএফের কর্মী-সমর্থকরা। খিচুড়ির আয়োজন করা হয়।



রাত তখন অনেক। দেওয়াল লেখার পর সবাই মিলে খাওয়া-দাওয়ারই ব্যবস্থা করছিলেন। অভিযোগ, সেইসময় মিছিল করে আইএসএফ কর্মী সমর্থকদের উপর হামলা চালান তৃণমূল কর্মী-সমর্থকরা। দুই পক্ষের মধ্যে তুমুল বচসা হয়।

আইএসএফ কর্মীদের বেধড়ক মারধরের অভিযোগ ওঠে তৃণমূলের বিরুদ্ধে। ঘটনায় বেশ কয়েকজন আইএসএফ কর্মী আহত হয়েছেন বলে খবর। আহতদের নলমুড়ি ব্লক হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেখানে প্রাথমিক চিকিৎসার পর বেশ কয়েকজনকে ছেড়ে দেওয়া হয়।

তবে, তাঁদের মধ্যে একজনের অবস্থা আশঙ্কাজনক বলে খবর। পরে তাঁকে নলমুড়ি ব্লক হাসপাতাল থেকে কলকাতার হাসপাতালে স্থানান্তরিত করা হয়। ঘটনায় উত্তেজনা ছড়িয়েছে এলাকায়। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে ভাঙড় থানার পুলিশ।

এক আইএসএফ কর্মী বলেন, "দেওয়াল লেখার পর আনন্দে আমরা খাওয়া-দাওয়ার ব্যবস্থা করছিলাম। সেইসময় তৃণমূলের কর্মী-সমর্থকরা তাঁদের উপর চড়াও হয়। আমাদের মারধর করা হয়। আমাদের অনেক কর্মী-সমর্থক আহত হয়েছেন।

তৃণমূলকে এই হামলার পাল্টা জবাব দেওয়ার হুঁশিয়ারি দিয়েছেন আইএসএফ কর্মীরা। যদিও, হামলা চালানোর অভিযোগ সম্পূর্ণ অস্বীকার করেছে তৃণমূল।" বিধানসভা নির্বাচনে অন্যতম হাইভোল্টেজ কেন্দ্র ভাঙড়। রাজনৈতিক মহল বলছে, ভাঙড়ে এবার দ্বিমুখী লড়াই। তৃণমূল বনাম আইএসএফ।

# জনতা দর্শনে' জওয়ানদের বার্তা যোগীর

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

জওয়ানদের জন্য বড়সড় অভয়বাণী শোনা গেল উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথের গলায়। সোমবার লখনউয়ে আয়োজিত 'জনতা দর্শন' কর্মসূচিতে হাজির হওয়া সেনাকর্মীদের উদ্দেশে তিনি স্পষ্ট জানান, দেশের সুরক্ষায় জওয়ানরা যেন কোনও চিন্তা ছাড়াই নিজেদের নিয়োজিত করেন।প্রশাসনের আধিকারিকদের উদ্দেশে কড়া বার্তা দিয়ে মুখ্যমন্ত্রী বলেন, জওয়ানদের যে কোনও সমস্যার সমাধান হতে হবে স্বচ্ছ এবং নিরপেক্ষ ভাবে। বিশেষ করে পুলিশি নিষ্ক্রিয়তা বা জমি দখল সংক্রান্ত বিষয়ে কোনও রকম



গাফিলতি বরদাস্ত করা হবে না। ২৫ কোটি মানুষের এই রাজ্যে জওয়ানদের পরিবারের মর্যাদা রক্ষা করা সরকারের অন্যতম অগ্রাধিকার বলে তিনি উল্লেখ করেন। এ দিনের 'জনতা দর্শন' থেকে অন্তত একঝাঁক জওয়ান হাসিমুখে এবং আশ্বস্ত হয়ে ফিরেছেন।তাঁদের পরিবারের নিরাপত্তা, সম্মান এবং সমস্ত সুযোগ-সুবিধার দায়িত্ব নেবে খোদ রাজ্য সরকার। যোগীর কথায়, "আপনারা দেশের সেবা করুন, আপনাদের পরিবারের দেখাশোনা করবে সরকার।"

এ দিন লখনউয়ের সরকারি - বাসভবনে সাধারণ মানুষের অভাব-অভিযোগ শুনতে বসেন মুখ্যমন্ত্রী। সেই ভিড়ের মধ্যেই উপস্থিত ছিলেন বিভিন্ন জেলা থেকে আসা বেশ কয়েকজন সেনাকর্মী। তাঁদের প্রত্যেকের সমস্যার কথা খুঁটিয়ে শোনেন যোগী। মূলত জমি বিবাদ, বদলি সংক্রান্ত সমস্যা এবং পুলিশের অসহযোগিতার মতো বিষয়গুলি নিয়ে জওয়ানরা মুখ্যমন্ত্রীর দ্বারস্থ হয়েছিলেন। তাঁদের আবেদনপত্র হাতে নিয়ে যোগী তৎক্ষণাৎ সংশ্লিষ্ট আধিকারিকদের কড়া নির্দেশ দেন। তিনি জানান, যে সমস্ত জওয়ান সীমান্তে বা অভ্যন্তরীণ নিরাপত্তার কাজে ব্যস্ত রয়েছেন, জেলা প্রশাসনকে

এরপর ৬ পাতায়

# কোনো আলোচনা হয়নি, ট্রাম্পের দাবি অস্বীকার করে যা বলল ইরান

স্টাফ রিপোর্টার, রোজদিন

তেহরান ও ওয়াশিংটনের মধ্যে বর্তমানে কোনো ধরনের আলোচনা চলছে না বলে সাফ জানিয়ে দিয়েছে ইরান। সোমবার (২৩ মার্চ) ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের একটি বিবৃতির বরাতে দেশটির আধা-সরকারি মেহের নিউজ এই তথ্য জানিয়েছে।

বিবৃতিতে বলা হয়, তেহরান ও ওয়াশিংটনের মধ্যে কোনো সংলাপ হয়নি; বরং ডোনাল্ড ট্রাম্প ইচ্ছাকৃতভাবে 'সময়ক্ষেপণ' করতে চাইছেন ও জ্বালানির বাজারে দাম কমানোর লক্ষ্যেই ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে সংলাপ হয়েছে বলে মন্তব্য করেছেন।



আল-জাজিরার প্রতিবেদনে বলা হয়, ট্রাম্পের সাম্প্রতিক বক্তব্য তার সম্ভাব্য সামরিক পরিকল্পনা বাস্তবায়নের জন্য সময় নেওয়ার কৌশল। একই সঙ্গে আঞ্চলিক কিছু দেশের পক্ষ থেকে উত্তেজনা কমানোর উদ্যোগ থাকলেও, তেহরানের মতে, এ বিষয়ে মূল দায় ওয়াশিংটনের, 'যারা এই সংঘাতের সূচনা করেছে'।

অন্যদিকে ট্রাম্প দাবি করেছেন, গত দুই দিনে যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে 'খুবই ভালো ও ফলপ্রসূ আলোচনা' হয়েছে, যার ফল হিসেবে তিনি ইরানের জ্বালানি অবকাঠামোর ওপর সম্ভাব্য মার্কিন হামলা পাঁচ দিনের জন্য স্থগিত রেখেছেন।

এদিকে ইরানের ন্যাশনাল ডিফেন্স কাউন্সিল সতর্ক করে জানিয়েছে, ইরানের উপকূল বা দ্বীপে হামলার চেষ্টা হলে পারস্য উপসাগরের সব যোগাযোগপথে মাইন পেতে দেয়া হবে। একই সঙ্গে হরমুজ প্রণালি পুনরায় খুলে দেয়ার জন্য ট্রাম্পের দেয়া সময়সীমাও আজ শেষ হচ্ছে।

বিশ্লেষকদের মতে, দুই পক্ষের বিপরীত বক্তব্য পরিস্থিতিকে আরও অনিশ্চিত করে তুলছে এবং যে কোনো মুহূর্তে এটি বড় আকারের সংঘাতে রূপ নিতে পারে।

---

(৫ পাতার পর)

## জনতা দর্শনে' জওয়ানদের বার্তা যোগীর

সরাসরি তাঁদের সঙ্গে যোগাযোগ করতে হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে সমস্যার সমাধান করে সেনাকর্মীদের পরিবারকে আশ্বস্ত করার নির্দেশ দিয়েছেন তিনি।

এ দিনের কর্মসূচিতে জমিজমা সংক্রান্ত বিবাদ ছাড়াও চিকিৎসার জন্য আর্থিক সাহায্যের আবেদন নিয়ে অনেকেই এসেছিলেন। মুখ্যমন্ত্রী সাফ জানিয়ে দেন, অর্থাভাবে রাজ্যে কারও চিকিৎসা থমকে থাকবে না। রোগীদের পরিবারকে আশ্বস্ত করে তিনি বলেন, "আপনারা রোগীর সেবা করুন, চিকিৎসার খরচ নিয়ে চিন্তা করার দরকার নেই। সরকার আপনাদের পাশে আছে।" অসুস্থ ব্যক্তিদের হাসপাতালের খরচের খতিয়ান জমা দিতে বলেন তিনি, যাতে দ্রুত সরকারি সাহায্য পৌঁছে দেওয়া যায়।

(১ম পাতার পর)

## 'করোনা মোকাবিলায় একজোট হয়েছিলাম, আবার তৈরি থাকতে হবে'

বিশেষ করে হরমুজ প্রণালীতে বাণিজ্যিক জাহাজে হামলা এবং অবরোধের মতো ঘটনাকে তিনি সরাসরি অগ্রহণযোগ্য বলে চিহ্নিত করেন। এই ধরনের পদক্ষেপ বিশ্ব অর্থনীতি এবং জ্বালানি সরবরাহ ব্যবস্থার উপর গভীর প্রভাব ফেলতে পারে বলেও সতর্ক করেন তিনি।

সংসদে তিনি জানান, সাম্প্রতিক সময়ে পশ্চিম এশিয়ার একাধিক দেশের শীর্ষ নেতৃত্বের সঙ্গে তাঁর কথা হয়েছে। সেই আলোচনায় শান্তিপূর্ণ সমাধানের ওপর জোর দিয়েছেন তিনি। পাশাপাশি বেসামরিক পরিকাঠামো এবং জ্বালানি সংক্রান্ত গুরুত্বপূর্ণ স্থাপনায় হামলার বিরুদ্ধেও ভারতের অবস্থান স্পষ্ট করে দিয়েছেন।

দেশের নিরাপত্তা নিয়েও সতর্কতা বাড়ানো হয়েছে বলে জানান প্রধানমন্ত্রী। তাঁর কথায়, এমন সঙ্কটের সময়ে কিছু অসাধু শক্তি পরিস্থিতির সুযোগ নেওয়ার চেষ্টা করতে পারে। তাই সীমান্ত, উপকূল, তথ্যপ্রযুক্তি ক্ষেত্র এবং গুরুত্বপূর্ণ স্থাপনার সুরক্ষায় নজরদারি জোরদার করা হয়েছে।

জ্বালানি ক্ষেত্রেও সম্ভাব্য চাপের কথা তুলে ধরেন তিনি। দেশের প্রয়োজনের বড় অংশ আমদানির উপর নির্ভরশীল হওয়ায় সরবরাহে অনিশ্চয়তা তৈরি হয়েছে। তবে সাধারণ মানুষের সমস্যা কমাতে সরকার ধারাবাহিকভাবে পদক্ষেপ নিচ্ছে। পেট্রোল, ডিজেল এবং রান্নার গ্যাসের জোগান যাতে স্বাভাবিক থাকে, তার জন্য বিভিন্ন স্তরে সমন্বয় করা হচ্ছে। পাশাপাশি দেশের ভিতরে উৎপাদন বাড়ানোর ওপরও জোর দেওয়া হয়েছে।

একই সঙ্গে বিদেশে থাকা ভারতীয়দের নিরাপত্তাকে সর্বোচ্চ গুরুত্ব দেওয়ার কথা পুনরায় উল্লেখ করেন প্রধানমন্ত্রী। ইতিমধ্যেই তিন লক্ষেরও বেশি মানুষ দেশে ফিরেছেন। বিভিন্ন দেশে থাকা ভারতীয়দের পাশে দাঁড়াতে কূটনৈতিক স্তরে সক্রিয় রয়েছে সরকার।

# সিনেমার খবর

## ভারতের শীর্ষ ধনীর তালিকায় শাহরুখ খান

স্টাফ রিপোর্টার, রোজদিন

২০২৫ সালে প্রথমবারের মতো বিলিয়নিয়ার ক্লাবে নাম লেখান বলিউড বাদশা শাহরুখ খান। এবার বিশ্বসেরা ধনীদের তালিকায় নিজের অবস্থান পাকাপোক্ত করলেন তিনি। শীর্ষ ধনীর তালিকায় তৃতীয় নম্বরে অবস্থান করছেন অভিনেতা।

সম্প্রীতি ২০২৬ সালের 'হুরুন গ্লোবাল রিচ লিস্ট' অনুযায়ী শাহরুখ খান বর্তমানে ভারত ও বলিউডের সবচেয়ে ধনী অভিনেতার মর্যাদা ধরে রেখেছেন। বর্তমানে ১.৩ বিলিয়ন মার্কিন ডলার (প্রায় ১০,৮০০ কোটি রুপি) নিট সম্পদ নিয়ে তিনি ভারতের সবচেয়ে ধনী অভিনেতার মর্যাদা লাভ করেছেন।

৫ মার্চ প্রকাশিত হুরুন গ্লোবাল রিচ লিস্টে শাহরুখ খানের অন্তর্ভুক্তিকে তারকাদের সম্পদের ক্ষেত্রে একটি 'অবিস্মরণীয় মুহূর্ত' হিসেবে অভিহিত করা হয়েছে। এই তালিকায় শাহরুখের পাশাপাশি রয়েছেন মিউজিক লিজেন্ড জে-জি (২.৮ বিলিয়ন ডলার), টেইলর সুইফট (১.৬ বিলিয়ন ডলার) এবং রিয়ানা (১.৫ বিলিয়ন ডলার)। এই তালিকায় বিনোদন জগতের ধনীদের মধ্যে শীর্ষে রয়েছেন জর্জ লুকাস (৭.৬ বিলিয়ন ডলার)।

যদিও ২০২৫ সালের তুলনায় শাহরুখের সম্পদের পরিমাণ কিছুটা কমেছে (গত বছর ছিল ১.৪ বিলিয়ন ডলার), তবুও ভারতের ৫৭ জন নতুন ধনীর মধ্যে তার নাম এখনো জ্বলজ্বল




করছে।

তবে শাহরুখের এই বিশাল সাম্রাজ্য কেবল অভিনয়ের ওপর দাঁড়িয়ে নেই। অভিনেতার আয়ের বড় একটি অংশ আসে তার প্রযোজনা প্রতিষ্ঠান রেড চিলিজ এন্টারটেইনমেন্ট থেকে। ২০০২ সালে প্রতিষ্ঠিত তার এই প্রোডাকশন হাউসটি বর্তমানে ভারতের অন্যতম সফল প্রতিষ্ঠান।

তার আয়ের আরেকটি বড় উৎস হল আইপিএল-এর দল কলকাতা নাইট রাইডার্স। আইপিএলের অন্যতম জনপ্রিয় এবং লাভজনক এই ফ্র্যাঞ্চাইজিটির সহ-মালিকানায় আছেন তিনি। এর বাইরে বিশ্বজুড়ে বিভিন্ন ক্রিকেট লিগে তার দলগুলোর ব্যবসায়িক সাফল্য শাহরুখকে অনন্য উচ্চতায় নিয়ে গেছে।

বিজ্ঞাপন ও বিভিন্ন ব্র্যান্ড এন্ডোর্সমেন্ট থেকে প্রাপ্ত বিশাল অংকের অর্থ তার সম্পদের ভাণ্ডারকে প্রতিনিয়ত সমৃদ্ধ করছে। দীর্ঘ তিন দশকের ক্যারিয়ারে তিনি নিজেকে কেবল অভিনেতা হিসেবেই নয়, বরং একটি বৈশ্বিক ব্র্যান্ড হিসেবে প্রতিষ্ঠিত করেছেন।

এদিকে টানা তিনটি ব্লকবাস্টার হিট দেওয়ার পর মাঝখানে তিন বছরের বিরতি ভেঙে শাহরুখ ফিরছেন 'কিং' সিনেমা দিয়ে। সিদ্ধার্থ আনন্দ পরিচালিত এই সিনেমাটি শাহরুখ ভক্তদের জন্য দ্বিগুণ স্পেশাল, কারণ এর মাধ্যমেই বড় পর্দায় অভিষেক হতে যাচ্ছে তার মেয়ে সুহানা খানের।

২০২৬ সালের বড়দিনে মুক্তি পেতে যাওয়া এই সিনেমায় আরও থাকছেন দীপিকা পাড়ুকোন, রানি মুখার্জি, অভিষেক বচ্চন এবং অনিল কাপুরের মতো একঝাঁক তারকা।

## মুম্বাইয়ের দূষিত বাতাস নিয়ে দীপিকার ক্ষোভ



স্টাফ রিপোর্টার, রোজদিন

মুম্বাইয়ের ক্রমবর্ধমান বায়ুদূষণ নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন বলিউড অভিনেত্রী দীপিকা পাড়ুকোন। শহরের বাতাসের মান বিপজ্জনক পর্যায়ে পৌঁছানোয় সামাজিক যোগাযোগমাধ্যমে সরব হয়ে দ্রুত পদক্ষেপ নেওয়ার আহ্বান জানিয়েছেন তিনি।

মুম্বাই শহরের বায়ুমান সূচক (এ কিউ আই) পৌঁছায় ১৫৯-এ, যা বিশেষজ্ঞদের মতে 'অস্বাস্থ্যকর' পর্যায়ে পড়ে। এই পরিস্থিতি নিয়ে নিজের ইনস্টাগ্রাম স্টোরিতে শহরের দূষণ মানচিত্রের একটি ছবি শেয়ার করেন দীপিকা। ক্ষোভ প্রকাশ করে তিনি লিখেছেন,'এই শহরের নাগরিক এবং শিশুরা দম বন্ধ হয়ে আসার মতো পরিস্থিতিতে আছে। এটা কীভাবে মেনে নেওয়া যায়?'

তিনি সরাসরি বৃহন্মুম্বই মিউনিসিপ্যাল কর্পোরেশন (বৃহন্মুম্বই পৌর করপোরেশন) এবং সংশ্লিষ্ট স্বাস্থ্য কর্তৃপক্ষকে ট্যাগ করে দ্রুত কার্যকর পদক্ষেপ নেওয়ার অনুরোধ জানান।

মুম্বাইয়ের এই দূষণ পরিস্থিতি নিয়ে শুধু দীপিকাই নন, এর আগেও উদ্বেগ প্রকাশ করেছেন অভিনেত্রী সইয়ামি খের এবং রিচা চাড্ডাও। সইয়ামি মাস্ক পরে দৌড়ানোর অভিজ্ঞতা জানিয়ে এই পরিস্থিতিকে অতিমারির পরের এক ধরনের 'অস্বাভাবিক সময়'-এর সঙ্গে তুলনা করেছেন। অন্যদিকে রিচা চাড্ডা এটিকে 'মানুষের তৈরি বিপর্যয়' বলে মন্তব্য করেছেন।


## ধর্ষণের ভয়াবহ পরিসংখ্যানই যখন সিনেমার নাম, 'আশশি' নিয়ে মুখ খুললেন তাপসী

স্টাফ রিপোর্টার, রোজদিন

বলিউড অভিনেত্রী তাপসী পান্নু আবারও পর্দায় ফিরছেন সামাজিক বাস্তবতার এক দগদগে ক্ষত নিয়ে। গুণী নির্মাতা অনুভব সিনহার নতুন সিনেমা 'আশশি'-তে একজন সরকারি আইনজীবীর চরিত্রে অভিনয় করেছেন তিনি।

সম্প্রতি সংবাদ সংস্থা আইবিএনএস-কে দেওয়া এক একান্ত সাক্ষাৎকারে সিনেমাটির প্রেক্ষাপট ও নিজের চরিত্র নিয়ে খোলামেলা কথা বলেছেন এই অভিনেত্রী। 'মুল্ক' ও 'থাপ্পড়'-এর পর এটি অনুভবের সঙ্গে তাপসীর তৃতীয় কাজ।

সাক্ষাৎকারে তাপসী জানান, 'আশশি' সিনেমাটির নামকরণের পেছনে রয়েছে এক ভয়াবহ পরিসংখ্যান। ভারতে প্রতিদিন গড়ে প্রায় ৮০টি ধর্ষণের অভিযোগ নথিভুক্ত হয়, আর সেই বাস্তবতাকে কেন্দ্র করেই সিনেমার গল্প আবর্তিত হয়েছে। ছবিতে তিনি 'রাভি' নামের একজন সরকারি কৌঁসুলির চরিত্রে অভিনয় করেছেন, যাকে প্রতিনিয়ত এ ধরনের স্পর্শকাতর ও জঘন্য



মামলার আইনি লড়াই লড়তে হয়।

এর আগে 'মুল্ক' সিনেমাতেও আইনজীবীর চরিত্রে দেখা গেলেও তাপসী মনে করেন, রাভি চরিত্রটি সম্পূর্ণ আলাদা। তার মতে, 'মুল্ক'-এ তিনি লড়েছিলেন নিজের পরিবারের জন্য, কিন্তু 'আশশি'-তে তিনি এমন একজন পেশাদার, যার কাছে এটি প্রতিদিনের রূঢ় বাস্তবতা।

চরিত্রটিকে জীবন্ত করে তুলতে তাপসী দিল্লির পাতিয়ালা হাউস আদালত পরিদর্শন করেছেন। তিনি জানান, সিনেমার আদালতের সঙ্গে বাস্তবের আদালতের অনেক পার্থক্য রয়েছে। বাস্তবের আদালত কক্ষগুলোতে এক ধরনের শীতলতা ও বিশৃঙ্খলা থাকে, যা তিনি এই সিনেমায় ফুটিয়ে তোলার চেষ্টা করেছেন।

ছবিতে তার উপস্থিতি কেন্দ্রীয় চরিত্র কানি কুসরুতির চেয়ে কম হলেও তা নিয়ে বিন্দুমাত্র বিচলিত নন তাপসী। তার মতে, স্ক্রিন টাইম বা পর্দায় কতক্ষণ থাকলেন তারচেয়ে গুরুত্বপূর্ণ হলো চরিত্রের গভীরতা দিয়ে দর্শকের মনে দাগ কাটা।

পরিচালক অনুভব সিনহার ওপর অগাধ বিশ্বাসের কথা জানিয়ে তাপসী বলেন, শুটিংয়ের সময় তিনি এমনকি মনিটরে নিজের অভিনয়ও দেখেন না। সিনেমার ক্লাইম্যাক্সে তার চরিত্রের আবেগের যে বিস্ফোরণ ঘটে, তা মূলত ঘুণে ধরা সমাজের প্রতি একজন সচেতন নাগরিকের ক্ষোভেরই প্রতিফলন।

অনুরাগ কশ্যপ বা সুজয় ঘোষের মতো নির্মাতাদের প্রিয় এই অভিনেত্রী আবারও প্রমাণ করলেন বাণিজ্যিক ধারার বাইরে গিয়ে সাহসী ও অর্থবহ গল্পে কাজ করতেই তিনি বেশি স্বাচ্ছন্দ্যবোধ করেন।

# মাঠে ফেরার অপেক্ষা আরও বাড়ছে এমবাপের

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

কিলিয়ান এমবাপের চোটের ধরণ কিংবা তার মাঠে ফিরতে কতদিন লাগবে, কিছুই এখনও পরিষ্কার করে জানায়নি রিয়াল মাদ্রিদ। তবে তার দলে না থাকার সময় বেড়েই চলেছে।

লা লিগায় আজ শনিবার এলচের মুখোমুখি হবে রিয়াল মাদ্রিদ। সান্তিয়াগো বের্নাবেউয়ে বাংলাদেশ সময় রাত দুইটায় শুরু হবে ম্যাচটি। আগের দিন সংবাদ সম্মেলনে দলটির কোচ আলভারো আরবেলোয়া যা বললেন তাতে অন্তত এটা পরিষ্কার যে আসছে ম্যাচে খেলবেন না চলতি মৌসুমে রেয়ালের জার্সিতে ৩৩ ম্যাচে ৩৮ গোল করা এমবাপে।

হাঁটুর পুরনো সমস্যায় ভুগছেন



এমবাপে। এজন্য খেলতে পারেননি সবশেষ লা লিগায় দুটি ও চ্যাম্পিয়ন্স লিগের দুই ম্যাচে। ইউরোপ সেরার মঞ্চে শেষ ষোলোর প্রথম লেগে ম্যানচেস্টার সিটিকে ৩-০ গোলে উড়িয়ে এগিয়ে আছে রিয়াল; তবে ফিরতি লেগ ইংলিশ ক্লাবটির মাঠে হওয়ায় খুব সতর্ক আরবেলোয়া। তাই সিটির বিপক্ষে ম্যাচেই ফরাসি ফরোয়ার্ডকে খুব করে চান এই স্প্যানিশ কোচ। আরবেলোয়া বলেন, আমি চাই, সে যেন ম্যানচেস্টার সফরের জন্য প্রস্তুত হয়ে ওঠে। আমরা দেখব, পরিস্থিতি কী দাঁড়ায়। (তাকে নিয়ে) আমরা রোববার সিদ্ধান্ত নেব। আশা করি, সে খেলত পারবে। এরপর আমরা ফ্রান্সের সঙ্গে কথা বলব।

এমবাপে যতটা রিয়াল মাদ্রিদের জন্য গুরুত্বপূর্ণ, ঠিক ততটা ফ্রান্সের জন্যও। আর তিন মাস পরেই শুরু হবে বিশ্বকাপ। এই সময় জাতীয় দলের হয়ে ৫৫ গোল করা ফরোয়ার্ড এবং ২০১৮ বিশ্বকাপ জয়ের নায়কদের একজনের চোট বড় দুর্ভাবনার কারণ।

২০২২ বিশ্বকাপেও দলকে ফাইনালে তুলতে সবচেয়ে বড় ভূমিকা রাখেন এমবাপে। ফাইনালেও হ্যাটট্রিক করেছিলেন তিনি; কিন্তু আর্জেন্টিনার বিপক্ষে টাইব্রেকারে হেরে স্বপ্নভঙ্গ হয় তাদের।

## মোস্তাফিজের বদলে জিম্বাবুয়ের পেসারকে দলে ভেড়ালো কেকেআর




**স্টাফ রিপোর্টার, রোজদিন**


টি-টোয়েন্টি বিশ্বকাপে ধারাবাহিক পারফরম্যান্সের স্বীকৃতি হিসেবে জিম্বাবুয়ের পেসার ব্লেসিং মুজারাবানিকে দল ভিড়িয়েছে কলকাতা নাইট রাইডার্স (কেকেআর)।

এই চুক্তির ফলে মুজারাবানি পিএসএলে ইসলামাবাদ ইউনাইটেড থেকে নিজের নাম প্রত্যাহার করে নিয়েছেন। শুক্রবার (১৩ মার্চ) কেকেআরের কর্মকর্তারা ইএসপিএনক্রিকইনফো এ তথ্য নিশ্চিত করেছেন।

প্রতিবেদনে বলা হয়েছে, ডিসেম্বরে বাংলাদেশ বামহাতি পেস বোলার মুস্তাফিজুর রহমানকে ছেড়ে দেওয়ার পর পেস বিভাগের শক্তি বাড়াতে নাইট বাহিনীতে যোগ দিচ্ছেন জিম্বাবোয়ের বোলার ব্লেসিং মুজারবানি। মুলতান সুলতানসের হয়ে এর আগে পিএসএল শিরোপা জিতেছেন মুজারাবানি। গত মাসে পিএসএল নিলামে অবিক্রিত ছিলেন তিনি। এরপর ওয়েস্ট ইন্ডিজের শামার জোসেফের বদলি খেলোয়াড় হিসেবে ইসলামাবাদ ইউনাইটেডের সঙ্গে যোগ দেন তিনি।

গত বছর আইপিএলের শেষ পর্যায়ে এই পেস বোলার বর্তমান চ্যাম্পিয়ন রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরুর অস্থায়ী প্রতিস্থাপনকারী খেলোয়াড় ছিলেন। সদ্য শেষ হওয়া টি-টোয়েন্টি বিশ্বকাপে ছয় ম্যাচে মুজারাবানি ১৩টি উইকেট। এখনও পর্যন্ত ৮০টি আন্তর্জাতিক ম্যাচে তাঁর উইকেট সংখ্যা ৯০। গড় ২১। সেরা বোলিং ৮ রান দিয়ে ৩ উইকেট। বিশ্বজুড়ে বিভিন্ন ফ্র্যাঞ্চাইজি খেলার অভিজ্ঞতা কাজে লাগবে কেকেআর।

## নিষেধাজ্ঞার পর আর্থিক দণ্ডেও পড়লেন পেদ্রো



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

চ্যাম্পিয়ন্স লিগের ম্যাচে বলবয়কে ধাক্কা মেরে আলোচনার মধ্যে প্রিমিয়ার লিগের এক ঘটনায় শাস্তি পেলেন পেদ্রো নেতো।

অসদাচরণের জন্য এক ম্যাচের নিষেধাজ্ঞার পাশাপাশি ৭০ হাজার পাউন্ড জরিমানা গুনতে হলো চেলসির এই ফরোয়ার্ডকে। এই মাসের প্রথম দিন আর্সেনালের মাঠে চেলসির ২-১ গোলে হারের ম্যাচে তিন মিনিটের মধ্যে দুটি হলুদ কার্ড দেখেন নেতো, যার প্রথমটি আর্সেনালের গোলের পর অসন্তুষ্টি প্রকাশের জন্য এবং দ্বিতীয়টি গাব্রিয়েল মার্তিনেল্লিকে ফাউল করার জন্য।

ইংল্যান্ডের ফুটবল অ্যাসোসিয়েশন (এফএ) এক বিবৃতিতে জানায়, ৭০তম মিনিটে লাল কার্ড পাওয়ার পর তাৎক্ষণিকভাবে মাঠ ছেড়ে না গিয়ে ম্যাচ অফিসিয়ালদের প্রতি অশালীন শব্দ ব্যবহার করে অনুপযুক্ত আচরণ করেছেন নেতো।

২৬ বছর বয়সী এই ফুটবলার তার বিরুদ্ধে আনা অভিযোগ স্বীকার করে নিয়েছেন। শনিবার প্রিমিয়ার লিগে নিউক্যাসল ইউনাইটেডের বিপক্ষে তিনি খেলতে পারবেন না। এই মৌসুমে সব প্রতিযোগিতা মিলিয়ে চেলসির ফুটবলারদের নবম লাল কার্ডের ঘটনা এটি।

চ্যাম্পিয়ন্স লিগে গত বুধবার পিএসজির বিপক্ষে দলের ৫-২ গোলে হারের ম্যাচে বলবয়কে ধাক্কা মেরে খবরের শিরোনাম হন নেতো। ভুল বুঝতে পেরে ক্ষমা চাইলেও, উয়েফার শাস্তির মুখোমুখি হতে পারেন তিনি।

● স্বত্বাধিকারী, প্রকাশক এবং মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুণ্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published and Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O. : Uttar Moukhali, P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329
and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 & 19D, Jamir Lane, Kolkata -700 019 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR